তারিখ 31 DEC 2005
পৃষ্ঠা ১৪ কলাম ৪

দৈনিক
ইনকিলাব

ফোকাস

মাদ্রাসা

আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় বিরোধিতা কেন

শিক্ষা সনদ প্রদানের জন্য একটি এফিলিয়েটিং ক্ষমতাসম্পন্ন ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাকল্পে এদেশের শ্রদ্ধেয় আলেম-ওলামাবৃন্দ এবং মাদ্রাসা ছাত্র-ছাত্রীগণ দীর্ঘদিন যাবত আন্দোলন করে আসছেন। কিন্তু ক্ষমতাসীন সরকারের কোন টনক নড়েনি। প্রশ্ন হচ্ছে, যাদের ম্যান্ডেট নিয়ে বিএনপি সরকার আজ ক্ষমতাসীন রয়েছে, সেই দেশবাসীর প্রাণের দাবী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে এ সরকারের এত ছল-চাতুরী, টাল-বাহানা কেন?

মুসলমানদের প্রাণের এ দাবীকে প্রত্যাখ্যান করে এ সরকার কাদের খুশি রাখতে চায়? কাদের সন্তুষ্টির জন্য দেশবাসীর একটি মৌলিক দাবীকে এ সরকার উপেক্ষা করে চলেছে? বিএনপি সরকার কি মনে করছে এক মাঘেই শীত কেটে যাবে?

যে সকল সর্বজন শ্রদ্ধেয় আলেম-ওলামা তথা মাদ্রাসা ছাত্র-ছাত্রীদের প্রতি অবজ্ঞা ও অবহেলা করা হচ্ছে, মৌলিক অধিকারের প্রশ্নে করা হচ্ছে অবিচার, রাজনৈতিক প্রশ্নে চালানো হচ্ছে জেল-জুলুম অত্যাচার। এ সরকার কি এত দ্রুত ভুলে গেল বিগত সরকারের গ্লানিকর পরিণতির কথা?

আসলে আমাদের দেশের কোন সরকারই অতীত থেকে শিক্ষা গ্রহণ করে না। ক্ষমতার মসনদে গেলেই রাবন হয়ে যায় লংকায় গিয়ে। কিন্তু এদের কোনক্রমেই ভুলে যাওয়া উচিত নয়, এক মাঘে শীত যায় না। ইসলামের নাম ভাঙ্গিয়ে মুখোশপরা যে দলটি এখন বিএনপি সরকারের দক্ষিণ হস্ত হয়ে ক্ষমতার হালুয়া আস্বাদন করছে, এ দলটিকে ইসলামী দল মনে করে এ সরকার এক মহা বিভ্রান্তিতে পড়ে আছে। সরকারের এ বিভ্রান্তিতে আগামী নির্বাচনে তাদের তলিয়ে যাবার বড় কারণও হতে পারে।

আলেম-ওলামা, মাদ্রাসা ছাত্র তথা সর্বস্তরের মুসলমানদের বাদ দিয়ে এ সরকার জামায়াতকে তাদের বন্ধু হিসেবে গ্রহণ করেছে। কিন্তু আগামী নির্বাচনে এ বন্ধু তাদের কোন কাজে আসবে না। প্রথম কারণ, এদেশের আপামর জনসাধারণ ইতোমধ্যে জেনে গেছে, জামায়াত আদৌ কোন ইসলামী দল নয়। আল্লাহ-রাসূলের ইসলামের সাথে এদের কোন সংশ্রব নেই। মৌদুদীবাদ এবং আল্লাহ-রাসূলের (সঃ) ইসলাম কখনও এক বিষয় নয়। দ্বিতীয় কারণ হচ্ছে ঃ আলেম-ওলামা, মাদ্রাসা ছাত্র-ছাত্রী তথা এদেশের সর্বস্তরের দ্বীনদার মুসলমানদের সাথে এ সরকার বিশ্বাসঘাতকতা করেছে। সাধারণ মানুষ স্পষ্টতই বুঝতে পেরেছে, আল্লাহ-রাসূলের দুশমন, মুমিন মুসলমানদের দুশমন, মসজিদ মাদ্রাসার দুশমন, আল্লাহর দ্বীন ধ্বংসকারী, রাসূল (সঃ)-এর পবিত্র সুন্নাত তথা মহান আদর্শের বিনাশকারী, পবিত্র কোরআনের অবমাননাকারী, দাড়ি-টুপি, ইসলামী তাহজিব-তমদ্দুনের দুশমন, মূর্তিপূজক, অগ্নিপূজক আওয়ামী লীগের অপর পিঠ হচ্ছে বিএনপি। কাজেই আগামী নির্বাচনের বৈতরণী পার হয়ে রাবনের লংকা বিজয়ের বিষয়টি হবে একটি দুঃস্বপ্নমাত্র।

বিএনপি সরকার মনে করেছে, যেহেতু গত নির্বাচনে আলেম-ওলামা তথা সর্বস্তরের মুসলমানগণ আওয়ামী নির্যাতনে জর্জরিত হয়ে মুমূর্ষু অবস্থায় বিএনপি'র সাথে জোট বদ্ধ হয়ে নির্বাচনে বিএনপিকে বিজিয়ী করে ক্ষমতায় বসিয়েছে। এবার সেই জনগণ তাদের একই কারণে ক্ষমতায় বসাতে বাধ্য হবে। কিন্তু না। এমনটি আর হবে না। মুসলমানগণ আওয়ামী দুঃশাসনকে যেমন ঠেকাবে এবং সাথে সাথে ন্যাড়া মাথা নিয়ে বিএনপি'র বেলতলায়ও আর দ্বিতীয়বার যাবে না।

ঘরপোড়া গরু সিঁদুরে মেঘ দেখলেও ভয় পায় কাজেই আওয়ামী লীগ তো নয়ই বিএনপি'র বেলতলাতেও আর আশ্রয় নেয়া নয়। এবার মুসলমানগণ আলেম-ওলামাদের নেতৃত্বে নিজেদের ভিত মজবুত করার কাজ করবে ইনশাআল্লাহ।

আলেম-ওলামা এবং মাদ্রাসা ছাত্র-ছাত্রীগণ ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কাজ সম্পন্ন না করে ঘরে ফিরবে না- এ অঙ্গীকারের সাথে এদেশের সর্বস্তরের ঈমানদার মুসলমানগণ একাত্ম ও ঐক্যবদ্ধ। আল্লাহর দ্বীন প্রতিষ্ঠার কাজে আল্লাহতা'য়ালা আমাদের কামিয়াবী দান করুন।

❑ জাহিদুর রহমান
ঢাকা থেকে